

“ছেলে হোক, মেয়ে
হোক,
দু’টি সন্তানই যথেষ্ট”

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
এমসিএইচ-সার্ভিসেস ইউনিট
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd



জবুরি
সীমিত

নম্বর: ৫৯.১১.০০০০.৪৫৫.০৬.০০৩.২১.৬

তারিখ: ১৪ পৌষ ১৪২৮
২৯ ডিসেম্বর ২০২১

পরিপত্র

বিষয়: পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন সেবা কেন্দ্রসমূহে সরবরাহকৃত ২২ প্রকার এমসিএইচ ঔষধের বিতরণ ও ব্যবহার নিশ্চিতকরণের নির্দেশনাবলী।

পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন সেবা কেন্দ্রসমূহে মা ও শিশু স্বাস্থ্য সেবা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে এমসিএইচ-সার্ভিসেস ইউনিটের এমসিআরএইচ অপারেশন প্ল্যানের মাধ্যমে ২২ প্রকার ঔষধ ক্রয়পূর্বক সরবরাহ করা হয়ে থাকে। ইদানিং এমআইএস রিপোর্ট এবং সেবা কেন্দ্র হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী ঔষধের চাহিদা বৃদ্ধি পাওয়ার প্রেক্ষিতে এই সংক্রান্ত কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সরবরাহকৃত ঔষধসমূহের পরিমাণ বৃদ্ধি এবং এর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ প্রদান করা হলোঃ-

- যে সকল কেন্দ্রে সেবা প্রদানকারী পদায়নকৃত অবস্থায় আছে সেখানে প্রতিমাসে কমপক্ষে ০২ টি “২২ প্রকারের এমসিএইচ ঔষধের বক্স” সরবরাহ করা হবে।
- যে সকল কেন্দ্রে পার্শ্ববর্তী কেন্দ্র হতে সেবা প্রদানকারীরা অতিরিক্ত দায়িত্বে আছেন সেখানে ০১ টি করে “২২ প্রকারের এমসিএইচ ঔষধের বক্স” সরবরাহ করা হবে।
- যেখানে মাসে ১০-২০ টি স্বাভাবিক প্রসব সেবা হয় সেখানে তার পরবর্তী মাসে ০২ টি, ২০-৪০ টি স্বাভাবিক প্রসবের ক্ষেত্রে পরবর্তী মাসে ০৩ টি, ৪০-৬০ স্বাভাবিক প্রসবের ক্ষেত্রে পরবর্তী মাসে ০৪ টি, ৬০ এবং তদুর্ধ্ব স্বাভাবিক প্রসবের ক্ষেত্রে তার পরবর্তী মাসে ০৫ টি করে ২২ প্রকার এমসিএইচ ঔষধের বক্স সরবরাহ করা হবে (এমআইএস রিপোর্ট অনুযায়ী সংশ্লিষ্ট উপজেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার চাহিদা নিরূপণ করে পণ্যাগারসমূহে প্রেরণ করবেন)।
- মা ও শিশু কল্যাণ কেন্দ্রসমূহে সংযুক্ত তালিকা মোতাবেক ঔষধ প্রদান করা হবে।
- এমসিএইচটিআই, আজিমপুর/এমএফএসটিসি, মোহাম্মদপুর-এ ১৫ টি করে “২২ প্রকারের এমসিএইচ ঔষধের বক্স” সরবরাহ করা হবে।
- স্যাটেলাইট ক্লিনিক ও এমসিএইচ ইউনিট-এর ক্ষেত্রে পূর্বের ন্যায় ০১ টি করে “২২ প্রকারের এমসিএইচ ঔষধের বক্স” সরবরাহ করা হবে।
- মহানগর ক্লিনিক, বাসাবো, ঢাকায় ০২ টি করে “২২ প্রকারের এমসিএইচ ঔষধের বক্স” সরবরাহ করা হবে।
- এ্যান্টিবায়োটিকের ক্ষেত্রে যৌক্তিক ব্যবহার ও ফুল কোর্স নিশ্চিত করতে হবে এবং অন্যান্য ক্ষেত্রে প্রদত্ত ঔষধ সম্পূর্ণ কোর্স দেয়া হবে।
- উপজেলা এবং জেলা পর্যায় ব্যবস্থাপকবৃন্দ কর্তৃক ঔষধের যৌক্তিক ব্যবহার হচ্ছে কি না তা পরিদর্শনকালে পর্যবেক্ষণ করতে হবে।
- আগামী ০৪ (চার) মাসে ব্যবহৃত “২২ প্রকারের এমসিএইচ ঔষধের বক্স”-এর গড় মাসিক চাহিদা

নিরূপণপূর্বক কেন্দ্রভিত্তিক সম্ভাব্য চাহিদা প্রদান করতে হবে। এক্ষেত্রে জেলা হতে সকল কেন্দ্রের চাহিদা সংকলন করত: আগামী জুন'২২-এর মধ্যে এমসিএইচ-সার্ভিসেস ইউনিটে প্রেরণ করতে হবে।

এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়ে যথাযথ গুরুত্ব প্রদান করে প্রতিটি সেবা কেন্দ্রে ২২ প্রকার এমসিএইচ ঔষধের যথাযথ ব্যবহার নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে এতদসঙ্গে আদেশ/অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী ও জনগুরুত্বপূর্ণ।

মহাপরিচালক মহোদয়ের সদয় নির্দেশক্রমে



৩০-১২-২০২১

ডাঃ মোহাম্মদ শরীফ

পরিচালক (এমসিএইচ সার্ভিসেস) ও লাইন

ডাইরেক্টর (এমসিআরএইচ)

ফোন: ০২-৫৫০৪২৩৫৮

ইমেইল: dirmchsfp@gmail.com

সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল), পরিবার পরিকল্পনা অধিদপ্তর/এমসিএইচটিআই, আজিমপুর/এমএফএসটিসি, মোহাম্মদপুর, ঢাকা।
- ২) পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা বিভাগ/চট্টগ্রাম বিভাগ/রাজশাহী বিভাগ/রংপুর বিভাগ/খুলনা বিভাগ/বরিশাল বিভাগ/সিলেট বিভাগ/ময়মনসিংহ বিভাগ।
- ৩) অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ৪) উপপরিচালক, পরিবার পরিকল্পনা, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (সকল), ----- জেলা।
- ৫) সহকারী পরিচালক (সিসি)/(পপ), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ----- জেলা।
- ৬) রিজিওনাল/ডিস্ট্রিক্ট কনসালটেন্ট (এফপিসিএস-কিউআইটি), ----- (সকল) অঞ্চল/জেলা।
- ৭) মেডিক্যাল অফিসার (সিসি)/(ক্লিনিক), -----(সকল) জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়/মা ও শিশু কল্যাণ কেন্দ্র, ----- জেলা।
- ৮) মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি)/উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল), -----উপজেলা, ----- জেলা
- ৯) আঞ্চলিক সরবরাহ কর্মকর্তা, আঞ্চলিক পণ্যাগার (সকল), ----- অঞ্চল।
- ১০) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
- ১১) পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) মহোদয়ের ব্যক্তিগত সহকারী পরিবার পরিকল্পনা অধিদপ্তর।